দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

74

2 6 JAN 1989
তারিখ
পৃষ্ঠা ... কলাম 4

# কম্পার্টমেন্টাল পরীক্ষা আবার চালু করার চিন্তাভাবনা

॥ জালালউদ্দীন আহমেদ ॥

এসএসসি ও এইচএসসি পরীক্ষার এক বিষয়ে ফেল করা ছাত্র-ছাত্রীদের কম্পার্টমেন্টাল পরীক্ষা পুনরায় চালু করার চিন্তাভাবনা চলছে। চারটি শিক্ষা বোর্ডের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সাম্প্রতিক এক সভায় এ পরীক্ষাটি আবার প্রবর্তনের জন্য সরকারের কাছে সুপারিশ করা হয়েছে। এ খবর বিশ্বস্ত সূত্রের। ঐ নিয়মটি ১৯৭২ সালে তুলে দেয়া হয়েছিল।

সংশ্লিষ্ট সূত্রে আরও জানা গেছে বোর্ডের কর্মকর্তারা পরি-

(৫-এর পৃঃ দ্রঃ)

# ডাকসু নির্বাচন

(প্রথম পৃঃ পর)

ভুক্ত ১৩টি ছাত্র সংগঠনের মধ্যে নয়টি বড় সংগঠন পৃথক দুটি জোটের ভিত্তিতে এবং দুটি সংগঠন পৃথকভাবে নিজ নিজ প্যানেল জমা দিয়েছে।

সংগ্রাম পরিষদভুক্ত ছাত্রলীগ (সু-র), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (মু-না), ছাত্র ঐক্য সমিতি, জাতীয় ছাত্রলীগ এবং ছাত্রমৈত্রী—এ ছয়টি সংগঠনের যৌথ প্যানেলে সুলতান মোহাম্মদ মনসুর আহমদ ভিপি এবং মুশতাক হোসেন জিএস পদে মনোনয়নপত্র দাখিল করেছেন।

সংগ্রাম পরিষদের শরীক সংগঠন জাতীয় ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (আ-মো) ও ছাত্র ঐক্য ফোরাম (তপতী)-এর প্যানেলে ভিপি ও জিএস পদে প্রার্থী হয়েছেন যথাক্রমে আবেদ রাজা এবং হামিদ রানা।

ছাত্র সংগ্রাম পরিষদের অপর দুটি শরীক সংগঠন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট এবং গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন পৃথকভাবে মনোনয়নপত্র জমা দিয়েছে। ছাত্র ফ্রন্টের প্যানেলে সংগঠনের সভাপতি মোস্তফা ফারুক ভিপি পদে এবং সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ জিএস পদে প্রার্থী হয়েছেন। গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের প্যানেলে ভিপি ও জিএস পদে মনোনয়নপত্র দাখিল করেছেন যথাক্রমে অখতার সোবহান মাশরুর এবং জসিমউদ্দীন।

পাঁচ দলীয় জোটের চারটি অঙ্গ ছাত্রসংগঠন পৃথকভাবে মনোনয়নপত্র দাখিল করেছে।

জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেলে ভিপি ও জিএস পদে প্রার্থী হয়েছেন যথাক্রমে সংগঠনের সাবেক সভাপতি শামসুজ্জামান দুদু এবং বর্তমান সভাপতি আসাদুজ্জামান রিপন। ছাত্রদলের (কামাল) প্রার্থী হয়েছেন সংগঠনের সভাপতি কামালউদ্দীন আহমেদ ও সাধারণ সম্পাদক আবুল বাশার লস্কর।

ইসলামী ছাত্র শিবিরের (শামসুল) সভাপতি শামসুল ইসলাম ও সেক্রেটারী জেনারেল আমিনুল ইসলাম মুকুল যথাক্রমে ভিপি ও জিএস পদের জন্যে মনোনয়নপত্র দাখিল করেছেন।

আরও যে সকল সংগঠন ডাকসু নির্বাচনে অংশ নেয়ার জন্যে মনোনয়নপত্র জমা দিয়েছে : সংগ্রামী ছাত্র জোটের দুই শরীক সংগঠন যৌথভাবে, জাসদ (রব)-এর অঙ্গ ছাত্রসংগঠন, ছাত্রলীগ (ব-আ), ছাত্র বিপ্লবী মঞ্চ ও জাতীয় ছাত্রদল যৌথভাবে, ছাত্র ফেডারেশন এবং ইসলামী ছাত্র আন্দোলন। তবে ইসলামী ছাত্রশিবির (শফিক) ডাকসু নির্বাচনে অংশ না নেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল সকাল থেকে মনোনয়নপত্র দাখিল পর্যন্ত মধুর ক্যান্টিন এবং ডাকসু কার্যালয়ে প্রচন্ড ভিড় ছিল। ছাত্র সংগঠনের নেতা ও কর্মীরা শেষ মুহূর্ত পর্যন্ত নিজেদের মধ্যে শলা-পরামর্শ করছিলেন। অনেক সংগঠনের নেতৃবৃন্দ মিছিল করে হলে গিয়ে মনোনয়নপত্র দাখিল করেন। মনোনয়নপত্র জমা দেয়ার পর জাতীয়তাবাদী ছাত্রদল প্যানেলের নামে শ্লোগান দিয়ে একটি মিছিল বের করে। সংগ্রাম পরিষদভুক্ত ছয়টি সংগঠন মধুর ক্যান্টিনের সামনে জমায়েত করে।

গতকাল ডাকসু এবং হল সংসদ উভয় নির্বাচনের মনোনয়নপত্র হল সমূহে জমা নেয়া হয়। শান্তিপূর্ণ পরিবেশেই মনোনয়নপত্র জমা দেয়া হয়। মনোনয়নপত্র জমা নেয়ার সময় গতকাল কলাভবন সংলগ্ন এলাকায় কড়া পুলিশ প্রহরা মোতায়েন ছিল।